



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন ॥

ছাত্র হলের মধ্যে শহীদ সালাম-বরকত হল চ্যাম্পিয়ন এবং ছাত্রী হলের মধ্যে বেগম সুফিয়া কামাল হল চ্যাম্পিয়ন ॥ দ্রুততম মানব সৃজন ইসলাম এবং দ্রুততম মানবী ফাতেমা তুজ জহুরা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৫ ফেব্রুয়ারি ২০২৫

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আজ সম্পন্ন হয়েছে। সকালে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান প্রধান অতিথি হিসেবে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মাহফুজুর রহমান, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সোহেল আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. আবদুর রব। ৪৮তম কেন্দ্রীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা পরিচালনা কমিটির আহ্বায়ক ও প্রভোস্ট কমিটির সভাপতি অধ্যাপক ড. মুহম্মদ নজরুল ইসলামের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় সভাপতি, শারীরিক শিক্ষা অফিসের ভারপ্রাপ্ত পরিচালক, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী প্রমুখ উপস্থিত ছিলেন।

প্রতিযোগিতায় ছাত্র হলের মধ্যে শহীদ সালাম-বরকত হল ৪০ পয়েন্ট অর্জন করে চ্যাম্পিয়ন ও জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হল ৩২ পয়েন্ট পেয়ে রানার আপ, ছাত্রী হলের মধ্যে বেগম সুফিয়া কামাল হল ৪০ পয়েন্ট অর্জন করে চ্যাম্পিয়ন এবং রোকেয়া হল ২০ পয়েন্ট অর্জন করে রানার আপ হয়েছে। ছাত্রদের মধ্যে দ্রুততম মানব সৃজন ইসলাম এবং ফাতেমা তুজ জহুরা দ্রুততম মানবী হন। প্রতিযোগিতা শেষে অতিথিবৃন্দ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। প্রতিযোগিতায় অধ্যাপক হাফিজা খাতুন স্বর্ণপদক পেয়েছেন মো. রাসেল মাহমুদ ও ফাতেমা তুজ জহুরা।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)